# <u>প্রেস বিজ্ঞপ্তি</u>

## জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ
## বিভিন্ন অপরাধে ১৪৪টি প্রতিষ্ঠানকে ৯.০৭ লক্ষ টাকা জরিমানা

**২৬ মে ২০১৯ খ্রি:**

বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের প্রধান কার্যালয়, বিভিন্ন বিভাগীয় ও জেলা কার্যালয়ের ৪২ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, চট্টগ্রাম মহানগর, বরগুনা, কিশোরগঞ্জ, কক্সবাজার, রংপুর, টাঙ্গাইল, গাইবান্ধা, দিনাজপুর, নোয়াখালী, রাজবাড়ী, বরিশাল, পঞ্চগড়, গোপালগঞ্জ, কুমিল্লা, কুষ্টিয়া, হবিগঞ্জ, সিলেট, গাজীপুর, মুন্সীগঞ্জ, নরসিংদী, ফেনী, রাজশাহী, মাদারীপুর, নাটোর, বগুড়া, ফরিদপুর, শেরপুর, খুলনা, সিরাজগঞ্জ ও মাগুরায় বাজার তদারকি করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের উপপরিচালক জনাব মনজুর মোহাম্মদ শাহরিয়ার, সহকারী পরিচালক জনাব আতিয়া সুলতানা, জনাব মোঃ মাসুম আরেফিন, জনাব আফরোজা রহমান ও ঢাকা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব মোঃ আব্দুল জব্বার মন্ডল কর্তৃক গুলশান ও শেরে বাংলা নগর এলাকায় বাজার তদারকি পরিচালনা করা হয়। বাজার তদারকিকালে প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করার অপরাধে গয়না ঘর, ডালিমস, বায়েজিদ এন্টারপ্রাইজ, সাবিহা ফ্যাশন, ভিবা বাড়ি, সিমরান ডিজাইনার চয়েজ, স্টাইল ওয়ার্ড, আবরুজ, শোভা ফেব্রিকস, বেস্ট লেদার প্রডাক্ট, কুন্দন, রেইনবো পারফিউম এন্ড কসমেটিকস, ডানহিল অপটিকস, কিডস ওয়ে, হীরা ফেব্রিক্স, ফুলকলি সুইটসকে যথাক্রমে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, ১০,০০০/- (দশ হাজার) টাকা, ১০,০০০/- (দশ হাজার) টাকা, ১০,০০০/- (দশ হাজার) টাকা, ১০,০০০/- (দশ হাজার) টাকা, ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, ২০,০০০/- (বিশ হাজার) টাকা, ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, ২০,০০০/- (বিশ হাজার) টাকা, ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, ১০,০০০/- (দশ হাজার) টাকা, ১০,০০০/- (দশ হাজার) টাকা, ১০,০০০/- (দশ হাজার) টাকা, ১০,০০০/- (দশ হাজার) টাকা, ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করার অপরাধে পরিনীতা গোল্ড, কিওর জুয়েলার্স, গোল্ডেন ওয়াল্ড, অঞ্জলি জুয়েলার্সকে যথাক্রমে ১০,০০০/- (দশ হাজার) টাকা, ১০,০০০/- (দশ হাজার) টাকা, ১০,০০০/- (দশ হাজার) টাকা, ১০,০০০/- (দশ হাজার) টাকা, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে হাওলাদার স্টোর ও ওয়েল ফুডকে যথাক্রমে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা, অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরির অপরাধে সবুজ বাংলা হোটেল, মুসলিম সুইটসকে যথাক্রমে ১৫,০০০/- (পনের হাজার) টাকা, ১০,০০০/- (দশ হাজার) টাকা, ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রির অপরাধে জিএফসি, সোহাগ শাহীন মাংস বিতান, প্রিন্স বাজারকে যথাক্রমে ১০,০০০/- (দশ হাজার) টাকা, ১০,০০০/- (দশ হাজার) টাকা, ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকাসহ মোট **৩,৮৫,০০০/- (তিন লক্ষ পঁচাশি হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অপরদিকে প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক জনাব প্রনব কুমার প্রামানিক ও রজবী নাহার রজনী কর্তৃক বাণিজ্য মন্ত্রণালয়ের মোবাইল টিমের সাথে ঢাকা মহানগরীর মোহাম্মদপুর, বংশাল ও ওয়ারী এলাকায় বাজার তদারকি পরিচালনা করা হয়। বাজার তদারকিকালে পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করার অপরাধে ৬টি প্রতিষ্ঠানকে ১৭,২০০/- (সতের হাজার দুইশত) টাকা ও অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরির অপরাধে ৩টি প্রতিষ্ঠানকে ৫৫,০০০/- (পঞ্চান্ন হাজার) টাকাসহ মোট **৭২,২০০/- (বাহাত্তর হাজার দুইশত)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

এছাড়া দেশব্যাপী **৩৫টি** বাজার তদারকির মাধ্যমে অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরি, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয়, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ, প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করা, ভেজাল পণ্য বা ঔষধ বিক্রয়, বাটখারা বা ওজন পরিমাপক যন্ত্রের কারচুপি, ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়, সেবা গ্রহীতার জীবন বা নিরাপত্তা বিপন্নকারী কার্য, ওজনে কারচুপির, অবহেলা ইত্যাদি দ্বারা সেবা গ্রহীতার অর্থ, স্বাস্থ্য, জীবনহানি ইত্যাদি ঘটানো, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করার অপরাধে **১০৫টি** প্রতিষ্ঠানকে **৪,৩৯,০০০/- (চার লক্ষ উনচল্লিশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অন্যদিকে লিখিত অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রির অপরাধে **৩টি** প্রতিষ্ঠানকে **১১,০০০/- (এগার হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং **৩ জন** অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **২,৭৫০/- (দুই হাজার সাতশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়।

গত ২৬ মে ২০১৯ তারিখে **৪২টি** বাজার তদারকি ও **৩টি** লিখিত অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে **১৪৪টি** প্রতিষ্ঠানকে মোট **৯,০৭,২০০/- (নয় লক্ষ সাত হাজার দুইশত)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয় এবং আদায়কৃত জরিমানা হতে **৩ জন** অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **২,৭৫০/- (দুই হাজার সাতশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, জেলা পুলিশ, আর্মড পুলিশ ব্যাটেলিয়ন, সিভিল সার্জন, মৎস্য কর্মকর্তা, পরিবেশ অধিদপ্তরের প্রতিনিধি, বাজার কর্মকর্তা, স্যানেটারী ইন্সপেক্টর, শিল্প ও বণিক সমিতির প্রতিনিধি এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করেন। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে।

স্বাক্ষরিত/-
ফাহমিনা আক্তার
সহকারী পরিচালক (কার্য ক্রম)
ফোনঃ ০২-৮১৮৯৪১১
ই-মেইলঃ ad-operation@dncrp.gov.bd

প্রাপক,

১। ব্যবস্থাপনা পরিচালক, এটিএন বাংলা/এটিএন নিউজ/চ্যানেল আই/ইটিভি/এনটিভি/আরটিভি/বাংলাভিশন/দেশ টেলিভিশন/ সময় টিভি/ চ্যানেল ৭১/যমুনা টিভি/এসএটিভি/মাছরাঙা/গাজী টেলিভিশন/বৈশাখী টিভি/চ্যানেল নাইন/ এশিয়া টিভি/ মাইটিভি/ বিজয় টেলিভিশন (উল্লিখিত টিভি চ্যানেলগুলোতে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।

২। সম্পাদক, দৈনিক প্রথম আলো/ডেইলি স্টার/দৈনিক ইত্তেফাক/দৈনিক যুগান্তর/দৈনিক সমকাল/দৈনিক জনকন্ঠ/ দৈনিক মানবজমিন/ দৈনিক আমাদের সময়/দৈনিক নয়াদিগন্ত/দৈনিক যায়যায়দিন/দৈনিক বাংলাদেশ প্রতিদিন/ দৈনিক সংগ্রাম/ দৈনিক ভোরের কাগজ/দৈনিক সকালের খবর/দৈনিক ভোরের ডাক/দৈনিক দিনকাল/দৈনিক মানবকন্ঠ/ দৈনিক আমাদের অর্থ নীতি/ দৈনিক বণিক বার্তা/বার্তা/দৈনিক আমার কাগজ/ভোক্তা কন্ঠ.কম/সাপ্তাহিক কনজুমার ভয়েস/দৈনিক দেশেরপত্র (উল্লিখিত সংবাদ পত্রিকাগুলোতে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।

অনুলিপি: অবগতি ও কার্য ার্থে(তাঁর নিয়ন্ত্রিত প্রচার মাধ্যমে/দাপ্তরিক নোটিশ বোর্ডে সংযুক্ত ছকটি ব্যাপক প্রচারের জন্য)

১। মহাপরিচালক, র‌্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
২। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
৩। পরিচালক (প্রশাসন ও অর্থ), জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
৪। প্রধান তথ্য কর্ম কর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
৫। পুলিশ কমিশনার (সকল)।
৬। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
৭। জেলা প্রশাসক (সকল)।
৮। পুলিশ সুপার (সকল)।
৯। সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
১০। জনসংযোগ কর্ম কর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।